# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ১৪তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৬ শ্রাবণ ১৪২৫, ৩১ জুলাই ২০১৮


## প্রধানমন্ত্রী স্বর্ণপদক পেলেন ঢাবি'র ১১ শিক্ষার্থী

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) প্রবর্তিত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭' লাভ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১জন মেধাবী শিক্ষার্থী। গত ২৫ জুলাই ২০১৮ বুধবার প্রধানমন্ত্রী কার্যালয়ের শাপলা হলে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের এই স্বর্ণপদক প্রদান করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'প্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা হলেন- উম্মে সুমাইয়া (থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ, সিজিপিএ-৩.৯৮), মো. শরীফ হোসেন (গণিত, সিজিপিএ-৩.৯৭), নাসরীন আক্তার (আইন, সিজিপিএ-৩.৫৪), রাশেদা আক্তার রূপা (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, সিজিপিএ-৩.৯২), শাহ্ মো. আজিমুল এহসান (লোক প্রশাসন, সিজিপিএ-৩.৯৬,), পৌষালী সাহা (ফার্মেসী, সিজিপিএ-৩.৯৭), মো. মাহ্মুদুল হাসান আকাশ (জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি, সিজিপিএ-৩.৯৯), তামান্না মেহেরান শিমু (ভূতত্ত্ব, সিজিপিএ-৩.৭৬), মো. সামিউল ইসলাম (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সিজিপিএ-৩.৯), হরেন্দ্রনাথ রায় (প্রাচ্যকলা, সিজিপিএ-৩.৮১) এবং মাইশা সামিহা হোসেইন (মেডিসিন এন্ড সার্জারী, ১৩১৪)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' লাভ করায় বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।

উল্লেখ্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৬৩ জন কৃতী শিক্ষার্থী 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭' লাভ করেছেন।

## তিন জাতীয় অধ্যাপককে সংবর্ধনা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে গত ২৮ জুলাই ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে নতুন নিয়োগ পাওয়া তিন জাতীয় অধ্যাপককে সংবর্ধনা প্রদান করা হয়েছে। সংবর্ধনা প্রাপ্তরা হলেন- অধ্যাপক ড. রফিকুল ইসলাম, অধ্যাপক ড. আনিসুজ্জামান ও অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সাবেক সভাপতি ও অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সম্মানিত অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। অনুষ্ঠান সঞ্চালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম ও ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার।

প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত বলেন, তার সৌভাগ্য যে তিনি জাতীয় অধ্যাপক নির্বাচন কমিটির প্রধান হিসেবে কাজ করেছেন। নিজের অভিজ্ঞতার কথা উল্লেখ করে তিনি জানান, 'গত কয়েক বছর ধরে তিনি এই কমিটির প্রধান। এর চেয়ে ভালো মনোনয়ন এর আগে আর দিতে পারেননি। অর্থমন্ত্রী এই তিন জনের সঙ্গে নিজের দীর্ঘ স্মৃতিচারণা করে বলেন, অধ্যাপক আনিসুজ্জামান জীবন্ত অভিধান। বাংলা বিষয়ে কোনো কিছু বুঝতে অসুবিধা হলে তাঁর শরণাপন্ন হই। ভাষা আন্দোলন আমাদের মাঝে জাগ্রত রেখেছেন অধ্যাপক রফিকুল ইসলাম। আর জামিলুর রেজা চৌধুরী প্রকৌশল শিক্ষাকে কাজে লাগিয়ে দেশের জন্য অনন্য অবদান রেখে চলেছেন।'

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, এই তিন অধ্যাপকের সংবর্ধনা অনুষ্ঠান জাতীয় সংবর্ধনায় পরিণত হয়েছে। এই তিন কৃতী ব্যক্তির কারণে দেশ অনেক উপকৃত হয়েছে। তাঁরা জাতির বাতিঘর। তাঁরা নিজ কর্মের আলোকে জাতিকে আলোকিত করে তুলেছেন। এই তিন বরেণ্য ব্যক্তি কর্মবীর এবং জাতিকে তাঁরা আলোক নির্দেশনা দেন।

সংবর্ধনা অনুষ্ঠানে জাতীয় অধ্যাপকরা তাঁদের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন।

অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, জাতীয় অধ্যাপকের যে সম্মান আমাকে দেওয়া হয়েছে, আমি তাতে নিজেকে ধন্য মনে করছি। এর যোগ্য কিনা, জানি না। ভালোবাসার দৃষ্টিতে দেখলে সামান্য জিনিসও অসামান্য হয়ে ওঠে। আমি আমার বাকি জীবন সামাজিক-সাংস্কৃতিক ও গবেষণামূলক কাজে যেন জড়িত থাকতে পারি।'

অধ্যাপক ড. রফিকুল ইসলাম বলেন, 'ছাত্র হবার আগে থেকেই ১৯৪৩ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার সঙ্গে আমার যোগাযোগ। ৫০' সালে ছাত্র হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসি। এ বিশ্ববিদ্যালয়ে আমার নানা স্মৃতি বিজড়িত।

অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী বলেন, 'আমার আইএসসি এবং বিএসসি ফার্স্ট পার্ট পরীক্ষার সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও রেজিস্ট্রারের সই করা। তাই এ বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই হিসেবে নিজেকে দাবি করতে পারি। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ।

## ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তির আবেদন প্রক্রিয়া ৩১ জুলাই ২০১৮ থেকে শুরু হয়েছে। আগামী ২৬ আগস্ট ২০১৮ রাত ১২টা পর্যন্ত এই প্রক্রিয়া অব্যাহত থাকবে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কেন্দ্রীয় ভর্তি অফিসে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন হলের প্রভোস্ট, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ভর্তি প্রক্রিয়া উদ্বোধন করে উপাচার্য বলেন, এ বছর মোট ২০টি আসন বৃদ্ধি করা হয়েছে। পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা টেলিযোগাযোগ করা যায় এরূপ ইলেক্ট্রনিক ডিভাইস/যন্ত্র/ঘড়ি সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। ভর্তি পরীক্ষায় জালিয়াতি ঠেকাতে গোয়েন্দা নজরদারি জোরদার করা হবে। পরীক্ষা চলাকালে মোবাইল কোর্ট দায়িত্ব পালন করবে। কারো বিরুদ্ধে জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক-ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ সেপ্টেম্বর ২০১৮ শুক্রবার, খ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২১ সেপ্টেম্বর ২০১৮ শুক্রবার, গ-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৪ সেপ্টেম্বর ২০১৮ শুক্রবার, ঘ-ইউনিটের ভর্তি পরীক্ষা ১২ অক্টোবর ২০১৮ শুক্রবার, চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) ১৫ সেপ্টেম্বর ২০১৮ শনিবার এবং চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (অংকন) ২২ সেপ্টেম্বর ২০১৮ শনিবার অনুষ্ঠিত হবে।

এ শিক্ষাবর্ষে মোট আসন সংখ্যা রয়েছে ৭১২৮টি। এর মধ্যে ক-ইউনিটে ১৭৫০টি, খ-ইউনিটে ২৩৭৮টি, গ-ইউনিটে ১২৫০টি, ঘ-ইউনিটে ১৬১৫টি এবং চ-ইউনিটে ১৩৫টি আসন রয়েছে। গত বছর এ সংখ্যা ছিল ৭১০৮টি।

এ বছর রাষ্ট্রায়ত্ত ৪টি ব্যাংক সোনালী, অগ্রণী, জনতা এবং রূপালী ব্যাংকের মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি জমা দেওয়া যাবে। টাকা জমা দেয়ার শেষ তারিখ ২৮ আগস্ট ২০১৮। 'গ' ও 'চ' ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ৫ সেপ্টেম্বর বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। 'ক', 'খ' ও 'ঘ' ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ১০ সেপ্টেম্বর বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। বিস্তারিত তথ্য ওয়েব সাইটে (http://admission.eis.du.ac.bd) জানা যাবে।

বাংলাদেশ মানবাধিকার কমিশনের প্রাক্তন চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের অধ্যাপক ড. মিজানুর রহমান রচিত 'এন্টি জেনেরিক লার্নিং অ্যান্ড রেবেলিয়াস লইয়ারিং : রিফ্লেকশন অন লিগ্যাল এডুকেশন ইন বাংলাদেশ' শীর্ষক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান গত ২১ জুলাই ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। ছবিতে মোড়ক উন্মোচনের পর অতিথিদের গ্রন্থটি প্রদর্শন করতে দেখা যাচ্ছে।

## অধ্যাপক ড. মিজানুর রহমানের গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান

বাংলাদেশ মানবাধিকার কমিশনের প্রাক্তন চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের অধ্যাপক ড. মিজানুর রহমান রচিত 'এন্টি জেনেরিক লার্নিং অ্যান্ড রেবেলিয়াস লইয়ারিং : রিফ্লেকশন অন লিগ্যাল এডুকেশন ইন বাংলাদেশ' শীর্ষক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান গত ২১ জুলাই ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। প্রকাশনা অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক, বিচারক, আইনজীবী প্রমুখ উপস্থিত ছিলেন। গ্রন্থ সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করেন বাংলাদেশ আইন কমিশনের সাবেক সদস্য অধ্যাপক ড. এম শাহ আলম এবং ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল বারকাত।

'এন্টি জেনেরিক লার্নিং অ্যান্ড রেবেলিয়াস লইয়ারিং : রিফ্লেকশন অন লিগ্যাল এডুকেশন ইন বাংলাদেশ' শীর্ষক গ্রন্থে বাংলাদেশে আইন শিক্ষার ত্রুটি এবং গতানুগতিক ধারার বাইরে গিয়ে আইন পেশাকে কীভাবে দেশের দরিদ্র জনগোষ্ঠীর সেবায় নিয়োজিত করা যায় সে বিষয়ে আলোকপাত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্স লিগ্যাল স্টাডিজ এই অনুষ্ঠানের আয়োজন করে। গ্রন্থটি প্রকাশ করেছে 'বিজয় প্রকাশ'।

## ঢাবি জাপানিজ স্টাডিজ বিভাগের আনুষ্ঠানিক যাত্রা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি গত ১৭ জুলাই ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন এই বিভাগের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল বারকাতের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ও বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত হিরোয়াছো ইজুমি সম্মানিত অতিথি এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগের সহকারী (২য় পৃষ্ঠায় দেখুন)

## পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে (জুলাই-ডিসেম্বর) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। রেজিস্ট্রার অফিসের এম.ফিল ও পিএইচ.ডি. শাখার ৩২৩ নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এম.ফিল সনদপত্র অথবা সকল পরীক্ষা পাশের মূল নম্বরপত্র, প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনা ও চাকুরীর প্রমাণপত্র এবং জনতা ব্যাংক টিএসসি শাখায় ১ হাজার টাকা জমার রশিদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল পরীক্ষার নম্বরপত্রের ১ (এক)টি করে ফটোকপি ও সম্প্রতি তোলা ২ (দুই) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/ বিভাগের চেয়ারম্যান/ ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। বিদেশ থেকে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের পর ভর্তির আবেদন করতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীকে এম.ফিল. পাশ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অথবা ৩ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রীর অধিকারী হতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। (২য় পৃষ্ঠায় দেখুন)

# 'মাদকাসক্তি ও তরুণ সমাজ' শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর এবং মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস) এর যৌথ উদ্যোগে 'মাদকাসক্তি ও তরুণ সমাজ' শীর্ষক এক সেমিনার গত ২৪ জুলাই ২০১৮ সকালে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও সম্মানিত অতিথি ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জামাল উদ্দিন আহমেদ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস) এর সভাপতি অধ্যাপক ড. অরূপরতন চৌধুরী।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান তাঁর বক্তব্যে বলেন, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো মাদকাসক্তি থেকে শিক্ষার্থীদের দূরে থাকার পরামর্শ দেওয়া। বিশ্ববিদ্যালয় মাদকমুক্ত রাখার জন্য এর কর্মকান্ড যত বিস্তৃত করা যাবে ততই আমাদের মঙ্গল। মাদক ও ধূমপানের বিরুদ্ধে সাম্প্রতিক সময়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করে উপাচার্য বলেন, ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের কিছু কিছু স্থান ধূমপান মুক্ত ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পরিবেশ যেন মন্দ না হয় সে ব্যাপারে কর্তৃপক্ষের সজাগ দৃষ্টি রয়েছে। ভবিষ্যতে এ বিষয়ে আরও পদক্ষেপ গ্রহণ করা হবে বলে উপাচার্য প্রত্যয় ব্যক্ত করেন।

সেমিনারে বক্তারা তরুণ সমাজ বিশেষত বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলে মেয়েদের মাদকের প্রতি আসক্তির বিভিন্ন কারণ ও এর প্রতিকার, অভিভাবকদের করণীয় এবং বিশ্ববিদ্যালয়ে এর প্রভাব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক ঢাকা বিশ্ববিদ্যালয়কে মাদকমুক্ত করে উদাহরণ স্থাপন করার আহবান জানিয়ে এ ব্যাপারে সব ধরনের সাহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।

# ঢাবি জাপানিজ স্টাডিজ বিভাগের আনুষ্ঠানিক যাত্রা শুরু

(১ম পৃষ্ঠার পর)
অধ্যাপক আব্দুল্লাহ-আল-মামুন স্বাগত বক্তব্য দেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেন, বাংলাদেশ ও জাপানের মধ্যে দীর্ঘদিনের ঐতিহাসিক সম্পর্ক বিরাজমান। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে জাপানের সরকার, জনগণ ও গণমাধ্যমের সর্বাত্মক সমর্থন ও সহযোগিতার কথা তিনি কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। শিক্ষামন্ত্রী বলেন, জাপানের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থাপনা থেকে শিক্ষা নিয়ে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করতে হবে। জ্ঞান চর্চা, গবেষণা ও নতুন জ্ঞান সৃষ্টির মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাজে নেতৃত্ব দেওয়ার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহবান জানান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশের সার্বিক অগ্রগতির লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক ও উন্নত দেশের আর্থ-সামাজিক পরিস্থিতি নিয়ে গবেষণা করা প্রয়োজন। নব প্রতিষ্ঠিত জাপানিজ স্টাডিজ বিভাগ জাপানের অর্থনৈতিক কর্ম-পরিকল্পনাসহ অন্যান্য বিষয়ে তুলনামূলক আলোচনা করবে এবং শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত জাপানিজ স্টাডিজ বিভাগে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথমবারের মত বিএসএস অনার্স শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের সহযোগিতায় গত ২৭ জুলাই ২০১৮ বিজনেস স্টাডিজ অনুষদের প্রফেসর ড. মুহাম্মদ হাবিবুল্লাহ কনফারেন্স হলে বাংলাদেশ এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি সোসাইটির প্রথম দ্বি-বার্ষিক সম্মেলন ও সাধারণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সোসাইটির সভাপতি অধ্যাপক ড. শামীম এফ করিম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ মাহমুদুর রহমান।

গত ২৮ জুলাই ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় 'বাঁধন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল' ইউনিটের 'নবীন বরণ ও রক্তদাতা সম্মাননা-২০১৮' হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন হল প্রাধ্যক্ষ অধ্যাপক মফিজুর রহমান, বাঁধন হল ইউনিটের উপদেষ্টা শিক্ষক মোহাম্মদ রকিব উদ্দিন ভূইয়া এবং অধ্যাপক ড. আতাউর রহমান। অনুষ্ঠানে ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. খান আবুল কালাম আজাদ প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে বাঁধন-এর সদস্যদের দেখা যাচ্ছে।

# পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

(১ম পৃষ্ঠার পর) এছাড়া, প্রার্থীদের স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে।

উল্লেখ্য, দেশের কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি প্রোগ্রামে সরাসরি ভর্তি হতে পারবেন না। পিএইচডি প্রোগ্রামে ভর্তির আগে তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামে ভর্তি হতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ডিগ্রিধারীদের আবেদনপত্র সংগ্রহের পূর্বে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের জন্য সংশ্লিষ্ট কমিটির কাছে দরখাস্ত করতে হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য এমফিল-পিএইচডি শাখায় যোগাযোগ করা যাবে।

# দু'দিনব্যাপী ক্যারিয়ার উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের উদ্যোগে দু'দিনব্যাপী ক্যারিয়ার উৎসব গত ১৬ জুলাই ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই উৎসবের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. এবিএম শহিদুল ইসলাম, অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের সহকারী অধ্যাপক মো: রাশেদুর রহমান, বাংলাদেশ এসোসিয়েশন অব সফ্‌টওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস এর সভাপতি সৈয়দ আলমাস কবির, প্রথম আলোর ইয়ুথ প্রোগ্রামের কো-অর্ডিনেটর মুনির হাসান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের সভাপতি মুহাইমিন উল ইসলাম বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করতে দক্ষ মানব সম্পদ হিসেবে প্রস্তুত হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। তিনি বলেন, দক্ষ মানব সম্পদ তৈরির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যেই ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল প্রতিষ্ঠা করা হয়েছে। গ্র্যাজুয়েটদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে তিনি বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ইন্টার্নশীপ প্রোগ্রাম চালু করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, দেশে চাকরির বাজার সম্প্রসারণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সম্পর্ক গড়ে তুলতে হবে।

উল্লেখ্য, দেশের ৩২টি প্রাইভেট কোম্পানি এবং ১৬টি সরকারি ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এই ক্যারিয়ার উৎসবে অংশগ্রহণ করছে।

# দিনব্যাপী ফটো-সাংবাদিকতা বিষয়ক কর্মশালা

ঢাকা ইউনিভার্সিটি ফটোগ্রাফিক সোসাইটি (ডিইউপিএস) আয়োজিত দিনব্যাপী আলোকচিত্র ও ফটো-সাংবাদিকতা বিষয়ক এক কর্মশালা গত ২০ জুলাই ২০১৮ উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম।

কর্মশালায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পাশাপাশি অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং ডিইউপিএস এর সদস্যবৃন্দ প্রশিক্ষানার্থী হিসেবে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা করেন স্বনামধন্য আলোকচিত্রী ও ছায়া ইনস্টিটিউট অব কমিউনিকেশন এন্ড ফটোগ্রাফির প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল দীন মোহাম্মদ শিবলী। প্রধান অতিথি অধ্যাপক ড. সাদেকা হালিম কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন।

# জগন্নাথ হল স্বর্ণপদক পেলেন ১৩ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী জগন্নাথ হলের ১৩জন মেধাবী শিক্ষার্থী 'জগন্নাথ হল স্বর্ণপদক ২০১৬' লাভ করেছেন। গত ২১ জুলাই ২০১৮ এ উপলক্ষে জগন্নাথ হল উপাসনালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেধাবী ছাত্রদের স্বর্ণপদক ও সার্টিফিকেট প্রদান করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও ঢাকাস্থ ভারতীয় হাই কমিশনের ডেপুটি হাই কমিশনার ড. আদর্শ সোয়াইকা। সম্মানিত অতিথি ছিলেন রূপালী ব্যাংক লিমিটেডের

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. আতাউর রহমান প্রধান। হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন জগন্নাথ হল স্বর্ণপদক প্রদান কমিটি-এর আহবায়ক ড. তাপস দেবনাথ।

ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলে বসবাসরত যেসব শিক্ষার্থীরা ২০১৬ সালে স্নাতক সম্মান ও মাস্টার্স ফাইনাল পরীক্ষায় বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে তাদেরকে দেয়া হল এই স্বর্ণপদক। স্বর্ণপদক প্রাপ্তরা হলেন, অনার্সের অমিয় সরকার (ভাস্কর্য বিভাগ, সিজিপিএ ৩.৬২), কিষান কুমার গাঙ্গুলী (তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট, সিজিপিএ ৩.৯৫), নারায়ন চন্দ্র রায় (সংস্কৃত বিভাগ, সিজিপিএ ৩.৮৩), পুলক দাশ গুপ্ত (পদার্থবিজ্ঞান বিভাগ, সিজিপিএ ৩.৮৯), হরেন্দ্র নাথ রায় (প্রাচ্যকলা বিভাগ, সিজিপিএ ৩.৮১) এবং মাস্টার্সের অভিজিত চন্দ্র অধিকারী (পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট, সিজিপিএ ৪), অরবিন্দ দাশ (মনোবিজ্ঞান বিভাগ, সিজিপিএ ৩.৯৯), খোকন চন্দ্র (গণিত বিভাগ, সিজিপিএ ৩.৮৮), প্রকট চাকমা (পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ, সিজিপিএ ৩.৭৯), প্রসেনজিৎ হালদার (ভাষাবিজ্ঞান বিভাগ, সিজিপিএ ৩.৬৮), সঞ্জয় বিক্রম (বাংলা বিভাগ, সিজিপিএ ৩.৭৪), অভিজিত দাস (প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, সিজিপিএ ৪) এবং সুরজিত কুমার মন্ডল (ম্যানেজমেন্ট বিভাগ, সিজিপিএ ৩.৯০)। এ-উপলক্ষে একটি স্মারক সংকলন প্রকাশ করা হয়েছে।

# ঢাবি অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম স্বর্ণপদক ট্রাস্ট ফান্ডের নীতিমালা প্রণয়ন কমিটির সভা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি প্রতিষ্ঠিত অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম স্বর্ণপদক ট্রাস্ট ফান্ড-এর নীতিমালা প্রণয়ন কমিটির এক সভা গত ১৭ জুলাই ২০১৮ কোষাধ্যক্ষের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ট্রাস্ট ফান্ড নীতিমালা প্রণয়ন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আলী আক্কাস, কমিটির সদস্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. আব্দুল আউয়াল খান এবং ট্রাস্ট ফান্ডের দাতা ঢাকা বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম উপস্থিত ছিলেন।

নীতিমালা অনুযায়ী ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর ম্যানেজমেন্ট বিভাগের বিবিএ চূড়ান্ত পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

উল্লেখ্য, এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ১০ লাখ টাকার একটি চেক কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের উদ্যোগে দু'দিনব্যাপী ক্যারিয়ার উৎসব গত ১৬ জুলাই ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই উৎসবের উদ্বোধন করেন।

ঢাকা ইউনিভার্সিটি ফটোগ্রাফিক সোসাইটি (ডিইউপিএস) আয়োজিত দিনব্যাপী আলোকচিত্র ও ফটো-সাংবাদিকতা বিষয়ক এক কর্মশালা গত ২০ জুলাই ২০১৮ উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। ছবিতে অতিথিদের সাথে প্রশিক্ষনার্থীদের দেখা যাচ্ছে।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## তানজানিয়ার বায়োগ্যাস বিশেষজ্ঞ

তানজানিয়ার বায়োগ্যাস বিশেষজ্ঞ ক্রিস্টোফার কেলনার গত ১৭ জুলাই ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক এবং সহকারী অধ্যাপক ড. এস এম নাসিফ শামস উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের বিদ্যুৎ খাতের সার্বিক উন্নয়ন নিয়ে আলোচনা করেন। তানজানিয়ার বায়োগ্যাস বিশেষজ্ঞ ঢাকা বিশ্ববিদ্যালয়ে বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের ক্ষেত্রে কারিগরি সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করেন। জনগণের চাহিদা মেটাতে বিভিন্ন ধরণের বর্জ্য ব্যবহার করে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদনের উপর তারা গুরুত্বারোপ করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার জন্য অতিথিকে ধন্যবাদ জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে বর্জ্যমুক্ত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকদের প্রতি আহ্বান জানান।

এর আগে তানজানিয়ার বায়োগ্যাস বিশেষজ্ঞ ক্রিস্টোফার কেলনার ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটে "Design, Implementation & Performance Evaluation of Biogas Plant" শীর্ষক দু'দিনব্যাপী এক প্রশিক্ষণ কোর্সে বক্তৃতা প্রদান করেন।

## যুক্তরাজ্যের দু'জন অধ্যাপক

যুক্তরাজ্যের কিংস্টন ইউনিভার্সিটি লন্ডন-এর অধ্যাপক ড. পিটার হুদা এবং অধ্যাপক ড. রোজা বাস্কেট গত ২৬ জুলাই ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ভূতত্ত্ব বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. এ এইচ এম মুস্তাফিজুর রহমান ও ড. মো. জসীম উদ্দিন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের কিংস্টন ইউনিভার্সিটি লন্ডন-এর মধ্যে আর্সেনিক, পানি ব্যবস্থাপনা ও ন্যানোটেকনোলজি বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর ব্যাপারে আলোচনা করেন।

পরে, অধ্যাপক ড. পিটার হুদা এবং অধ্যাপক ড. রোজা বাস্কেট ঢাকা বিশ্ববিদ্যালয় ভূতত্ত্ব বিভাগ আয়োজিত "Drinking Water Contamination and Options for Contaminant Removal" শীর্ষক এক সেমিনারে বক্তৃতা দেন।

তানজানিয়ার বায়োগ্যাস বিশেষজ্ঞ ক্রিস্টোফার কেলনার গত ১৭ জুলাই ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

যুক্তরাজ্যের কিংস্টন ইউনিভার্সিটি লন্ডন-এর অধ্যাপক ড. পিটার হুদা এবং অধ্যাপক ড. রোজা বাস্কেট গত ২৬ জুলাই ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ গত ১৯ জুলাই ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম এবং ড. আনিসুজ্জামানকে সংবর্ধনা প্রদান

জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. রফিকুল ইসলাম এবং বাংলা বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগ গত ১৮ জুলাই ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

ভাষাবিজ্ঞান বিভাগের অনারারি অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. আনিসুজ্জামানের ওপর প্রশস্তিপাঠ করেন অধ্যাপক ড. সিকদার মনোয়ার মুর্শেদ এবং অধ্যাপক ড. রফিকুল ইসলামের ওপর প্রশস্তিপাঠ করেন অধ্যাপক ড. ফিরোজা ইয়াসমীন। আলোচনায় অংশ নেন অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী এবং অধ্যাপক ড. সাখাওয়াৎ আনসারী। স্বাগত বক্তব্য দেন ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন ড. সালমা নাসরীন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত হওয়ায় দেশের দুই কৃতী শিক্ষাবিদকে অভিনন্দন জানিয়ে বলেন, বাংলা ভাষা ও সাহিত্যের উৎকর্ষ সাধন তথা জাতি বিনির্মাণে তারা অনন্য অবদান রেখে চলেছেন। মহান মুক্তিযুদ্ধ ও ভাষা আন্দোলনেও তারা অগ্রণী ভূমিকা পালন করেন। ভাষা আন্দোলনের অসংখ্য দুর্লভ ছবি তুলেছিলেন অধ্যাপক ড. রফিকুল ইসলাম। বিশিষ্ট এই নজরুল গবেষক মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানী বাহিনীর হাতে নির্যাতিত হন। অধ্যাপক ড. আনিসুজ্জামান মহান মুক্তিযুদ্ধে পরিকল্পনা কমিশনের সদস্য ছিলেন। দেশের বিভিন্ন ক্রান্তিকালে তিনি জাতিকে দিক-নির্দেশনা প্রদান করেন। সততা ও বস্তুনিষ্ঠতা তাদের চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। উপাচার্য বলেন তাদের জীবন ও কর্ম থেকে নতুন প্রজন্মকে শিক্ষা নিতে হবে। তাদের আদর্শ অনুসরণ করে সকলকে দেশপ্রেমিক, সৎ, বিনয়ী ও মানবিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হতে হবে।

# ঢাবি অধিভুক্ত সরকারি সাত কলেজের মাস্টার্স পরীক্ষার সময়সূচী ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত ও ২০১৩-২০১৪, ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন এমএ, এমএসএস, এমএসসি ও এমবিএ/এমবিএস শেষ পর্ব (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হয়েছে। সময়সূচী অনুযায়ী গত ২৮ জুলাই ২০১৮ শনিবার পরীক্ষা শুরু হয় এবং পরীক্ষা শেষ হবে আগামী ১৩ সেপ্টেম্বর ২০১৮ বৃহস্পতিবার। পরীক্ষা আরম্ভ হবে সকাল ৯টায়। পরীক্ষার সময়কাল প্রশ্নপত্রে উল্লেখ করা থাকবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইস্যুকৃত প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ও যে কোন প্রকার ইলেক্ট্রনিক্স ডিভাইস বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার্থীদের প্রবেশপত্র স্ব স্ব কলেজের অধ্যক্ষগণ কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে সংগ্রহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরে জানানো হবে। পরীক্ষার সময়সূচিতে কোনো প্রকার অসঙ্গতি থাকলে সময়সূচী প্রকাশের পরপরই ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করার জন্য উক্ত দফতর থেকে অনুরোধ করা হয়েছে।

অধিভুক্ত ৭টি কলেজের পরীক্ষার কেন্দ্রসমূহ হলো- ঢাকা কলেজের পরীক্ষার কেন্দ্র ইডেন মহিলা কলেজ (এমএ, এমবিএ, এমএসএস, এমএসসি); ইডেন মহিলা কলেজের পরীক্ষার কেন্দ্র ঢাকা কলেজ (এমএ, এমবিএ, এমএসএস, এমএসসি) ও বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ (এমএ, এমবিএ, এমএসএস, এমএসসি); বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজের পরীক্ষার কেন্দ্র সরকারি তিতুমীর কলেজ (এমএসএস, এমএসসি); সরকারি বাঙলা কলেজের পরীক্ষার কেন্দ্র সরকারি তিতুমীর কলেজ (এমএ, এমবিএ); সরকারি তিতুমীর কলেজের পরীক্ষার কেন্দ্র সরকারি বাঙলা কলেজ (এমএ, এমবিএ, এমএসএস, এমএসসি); কবি নজরুল সরকারি কলেজের পরীক্ষার কেন্দ্র শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ (এমএ, এমএসএস, এমবিএস, এমএসসি) এবং শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজের পরীক্ষার কেন্দ্র কবি নজরুল সরকারি কলেজ (এমএ, এমএসএস, এমবিএস, এমএসসি)।

# ঢাবি'র ৯৭তম প্রতিষ্ঠা-বার্ষিকী উপলক্ষ্যে দু'দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে কলা অনুষদের আয়োজনে গত ২৫ জুলাই ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে দু'দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। এতে সভাপতিত্ব করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ তাঁর উদ্বোধনী বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবসের তাৎপর্য সম্পর্কে আলোকপাত করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জাতীয় সংগীতের ভাব ও ভাবনার মর্যাদা উপলব্ধি করে সাংস্কৃতিক চেতনাকে সমুন্নত রাখতে হবে। বাংলা ভাষার পরিশিলিত ও পরিমার্জিত উচ্চারণের প্রতি গুরুত্বারোপ করে তিনি জাতীয় সাংস্কৃতিক মূল্যবোধের প্রতি যত্নবান হতে আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগ, নৃত্যকলা বিভাগ ও থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ এবং কলা অনুষদ সাংস্কৃতিক দল অংশগ্রহণ করে।

দ্বিতীয় দিনে সন্ধ্যা ৬:৩০টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে মুক্তিযুদ্ধ ও যুদ্ধোত্তর বাংলাদেশে এক নারীর সংগ্রামী জীবনের নাট্য প্রকাশ 'লাল জমিন' মঞ্চায়িত হয়।

# ক্রিমিনোলোজি বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যাত্রা শুরু

যাত্রা শুরু করল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলোজি বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশন। গত ২৮ জুলাই ২০১৮ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোজাফফর আহমেদ মিলনায়তনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে ক্রিমিনোলোজি বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। এতে সভাপতিত্ব করেন ক্রিমিনোলোজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান।

নবগঠিত অ্যাসোসিয়েশনের সভাপতি হয়েছেন ডিএমপির কাউন্টার টেরোরিজমের প্রধান, ক্রিমিনোলোজি বিভাগের প্রাক্তন ছাত্র ও খণ্ডকালীন শিক্ষক মো. মনিরুল ইসলাম। সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন ক্রিমিনোলোজি মাস্টার্স ২য় ব্যাচের ছাত্রী নাজনীন সুলতানা।

বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন এবং ওয়ার্ল্ড তায়কোয়ানডো হেডকোয়ার্টার্স-এর যৌথ উদ্যোগে আয়োজিত 'কুক্কিয়ন কাপ তায়কোয়ানডো-২০১৮' প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে ৭টি স্বর্ণ, ৬টি রৌপ্য ও ৯টি তাম্র পদক অর্জন করে। বিজয়ী এই তায়কোয়ানডো খেলোয়াড় শিক্ষার্থী দলটি গত ২৪ জুলাই ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে সাক্ষাৎ করে। এসময় উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ ড. উম্মে সালেমা এবং সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

# ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ইউনান বিশ্ববিদ্যালয় আয়োজিত প্রদর্শনী সমাপ্ত

চীনা সাংস্কৃতিক মাস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ইউনান বিশ্ববিদ্যালয় আয়োজিত “বর্ণিল মেঘে ঢাকা সিল্ক রোড” শীর্ষক ৫দিনব্যাপী প্রদর্শনী গত ২৬ জুলাই ২০১৮ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে শেষ হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে সংস্কৃতি মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ঝাং ঝো বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন। ধন্যবাদ জ্ঞাপন করেন অংকন ও চিত্রায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শিশির কুমার ভট্টাচার্য। অনুষ্ঠান সঞ্চালন করেন আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য।

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি বাংলাদেশ এবং চীনের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে ঐতিহাসিক হিসেবে বর্ণনা করেন। শিল্প, সাহিত্য ও সংস্কৃতি বিনিময়ের মাধ্যমে দু'দেশের জনগণের মধ্যে মৈত্রীর এই বন্ধন ভবিষ্যতে আরো সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। এসব কার্যক্রমের মাধ্যমে দু'দেশের সম্পর্ক ক্রমেই নিবিড় হচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

চীনা রাষ্ট্রদূত ঝাং ঝো বলেন, বাংলাদেশের জাতীয় সংগীত এবং চীনের জাতীয় সংগীতের মর্মার্থ এক ও অভিন্ন। সোনার দেশ গড়ে তোলা দু'দেশেরই স্বপ্ন। এ অঞ্চলের জনগনের আর্থ-সামাজিক উন্নয়নে দু'দেশ একযোগে কাজ করে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। অঞ্চলিক সম্পর্ক জোরদারের লক্ষ্যে 'এশিয়ান কালচারাল কমিউনিটি' গঠনের ওপরও তিনি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, ৫দিন ব্যাপী এই প্রদর্শনীতে চীনের ইউনান বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের শিল্পকর্ম স্থান পায়। এ উপলক্ষ্যে সেমিনার, কর্মশালা ও চীনের কস্টিউম প্রদর্শনীর আয়োজন করা হয়। চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের ৩জন শিক্ষক বিভিন্ন সেমিনার ও কর্মশালায় বক্তব্য রাখেন।

# অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ঢাবি'র ১০ মেধাবী শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০১৭ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০জন মেধাবী শিক্ষার্থীকে 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' প্রদান করা হয়েছে। গত ২৩ জুলাই ২০১৮ সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনস্থ অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কৃতী শিক্ষার্থীদের হাতে পুরস্কারের সনদপত্র ও চেক তুলে দেন। পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মো. রাগিব রহমান, সঞ্জয় বসাক, ফারজানা তাসনীম পিংকী, জাকিয়া জাহান মুক্তা, মো. শামিম হোসেন, ওয়াহিদা জামান শিথী, সাইয়্যেদুজ্জামান, জিনাত শারমিন, দায়েদ হাসান ও দূর্জয় চক্রবর্তী।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. কাবেরী গায়েনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে 'অধ্যাপক সিতারা পারভীন স্মারক বক্তৃতা' প্রদান করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যাক্তিত্ব রামেন্দু মজুমদার। ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক সিতারা পারভীনের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুরস্কার প্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, সামগ্রিক বিবেচনায় এই অর্জন গৌরবের। জঙ্গীবাদ ও উগ্রবাদ নির্মূলে পারিবারিক মূল্যবোধ থাকা অত্যন্ত জরুরী। সাম্প্রতিক সময়ে 'বহিরাগত' নিয়ে যে অপতথ্য ও অপপ্রচার চলছে তার নিন্দা জানিয়ে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নিরাপদ ক্যাম্পাস তৈরি করা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্ব। মুক্তিযুদ্ধ ও সুস্থ মূল্যবোধের পরিপন্থী কোন কিছুকেই বিশ্ববিদ্যালয় কখনো স্বাগত জানাবে না।

উল্লেখ্য, প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দীন আহমদের কন্যা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলীর স্ত্রী অধ্যাপক সিতারা পারভীন ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন।

ঢাকা ইউনিভার্সিটি কুইজ সোসাইটি (ডিইউকিউএস) আয়োজিত ২য় জাতীয় স্পোর্টস কুইজ ফেস্ট-২০১৮ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ১৯ জুলাই ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ছবিতে উপাচার্যের সাথে পুরস্কারপ্রাপ্তদের দেখা যাচ্ছে।

# কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি পেলেন ঢাবি'র ৬ কৃতী শিক্ষার্থী

বিএস সম্মান ও এমএস পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ৬ জন মেধাবী শিক্ষার্থীকে কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি প্রদান করেছে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন। এছাড়া 'কাজী মোতাহার হোসেনের জীবন ও আদর্শ' বিষয়ক রচনা প্রতিযোগিতায় ৩জন শিক্ষার্থীকে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন পুরস্কার প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩০ জুলাই ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক অনুষ্ঠানে

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে পদক ও পুরস্কার তুলে দেন।

অধ্যাপক কাজী মোতাহার হোসেনের ১২১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন, পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষনা ও শিক্ষণ ইনস্টিটিউট যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক সন্‌জীদা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে 'যুগ পরম্পরায় কাজী মোতাহার হোসেন' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন অধ্যাপক ড. এম আতাহারুল ইসলাম। অনুষ্ঠানে পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. লুৎফর রহমান এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত পরিচালক অধ্যাপক ড. মো. ইশরাত রায়হান বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক কাজী রওনাক হোসেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জ্ঞানতাপস অধ্যাপক কাজী মোতাহার হোসেনের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, কাজী মোতাহার হোসেন যে অবদান রেখে গেছেন তার সুফল এখন জাতি ভোগ করছে। তিনি একটি জাতিকে নিয়ে ভেবেছেন এবং এ ধরনের মানুষরাই সমাজ বিনির্মাণে ভূমিকা রাখেন, যার প্রভাব শুধু বিভাগ কিংবা বিশ্ববিদ্যালয়ই নয় পুরো জাতির উপরই পড়ে। এই অর্জন ও মূল্যবোধের প্রভাব যেন নতুন প্রজন্ম বিশেষত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে প্রভাবিত হয় সেটাই হোক আমাদের আজকের প্রত্যাশা।

কাজী মোতাহার হোসেন বৃত্তি পেয়েছেন তাসনিম ফতেমা আলো, নাহিদ কানন ও উম্মে নাইমা ইসলাম। মোতাহার হোসেন পদক পেয়েছেন তাসমিয়া সাদ সুতপা, নিশাত তাসনিম তুষ্টি ও মাইনুল ইসলাম। এছাড়া, রচনা প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন দুর্জয় দে, প্রিয়ম সাহা এবং সাবিনা আক্তার।

# ঢাবি'র SWED-DU Trust বৃত্তি ও গোল্ড মেডেল পেলেন ২১ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদস্থ মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের SWED-DU Trust-এর আওতায় বিভাগের বিভিন্ন বর্ষের ২১ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। গত ২৬ জুলাই ২০১৮ বিভাগীয় মিলনায়তনে এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও সনদপত্র তুলে দেন।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. দিদার-উল-আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠান সঞ্চালন করেন ট্রাস্ট ফান্ডের নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান। এছাড়াও অনুষ্ঠানে বিভাগের প্রবীণ শিক্ষকসহ বর্তমান শিক্ষকবৃন্দ, বিপুল সংখ্যক শিক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দ এবং ট্রাস্ট ফান্ডের দাতাগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কৃতী শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের অভিনন্দন জানিয়ে বলেন, মেধাসহ সামগ্রিক বিবেচনায় প্রাপ্ত এই বৃত্তি একটি নিজস্ব অর্জন। শিক্ষার্থীদের ভবিষ্যত জীবনে এই অর্জন আরও মান বৃদ্ধি করবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি আরও বলেন, সব দিক দিয়ে বিবেচনা করে বৃত্তি প্রদান করা বিভাগের সুন্দর দৃষ্টিভঙ্গির বহি:প্রকাশ। এটি অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিভঙ্গি যা সমাজকে এগিয়ে নেওয়ার জন্য ইতিবাচক এবং আমাদের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সাথে সংগতিপূর্ণ। নৈতিকতা, উদ্যোগী ও সৃজনশীলতা এই তিনটি গুণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একটি বড় বৈশিষ্ট্য। প্রাক্তন শিক্ষার্থীরা এগিয়ে এসে যে ট্রাস্ট ফান্ড গঠন করেছেন তা বিভাগের ও বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাইদের দায়িত্ববোধের প্রকাশ। উপাচার্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

প্রদত্ত বৃত্তির মধ্যে আর্থিক সহায়তা দেওয়া হয় ১২ জন শিক্ষার্থীকে। তারা হলেন : মো. আমির হোসেন, সাদিয়া লিনা আলফী, মো. মুহিদুল ইসলাম, মাহবুব হাসান তালুকদার, মো. রানা আরাফাত, ফারহানা ফিরোজ মীম, মোসাম্মত উম্মে সালমা, মো. মাহফুজ ইসলাম, মো. ওমর সানি আকন, ফাতেমা তুজ জোহরা, নাইমা নার্গিস ও মো. সাইফুল ইসলাম।

মেধা বৃত্তিপ্রাপ্ত ৭জন হলেন : মো. হারুন মিয়া, মো. আকিব আল মাহির, মো. রাইসুদ্দিন শিকদার, সাইফ শাহরুখ, মো. সাজ্জাদুল ইসলাম, মিস নাফিসা রহমান আনিকা ও মো. হারুন মিয়া।

গোল্ড মেডেল প্রাপ্ত ২জন হলেন : জুয়াইরা বিনতে জসিম ও সুমাইয়া চৌধুরী।

অনুষ্ঠানে বিভাগীয় শিক্ষক মরহুম অধ্যাপক আমিনুল ইসলামের স্ত্রী হেলেনা ইসলামের উপস্থিতিতে আগামী বছর থেকে 'অধ্যাপক আমিনুল ইসলাম বৃত্তি' নামে আরও একটি বৃত্তি প্রদান করা হবে বলে ঘোষণা দেওয়া হয়।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫